



ISO 9001:2015 CERTIFIED



## পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

ফোনঃ অফিস : ০২৫৮৮৮৮৮১৮৮

E-Mail: gmppbs2@gmail.com, Web Site: www.pbs2.pabna.gov.bd



স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০২.০০৮.২২. ৬৬৬৬

তারিখঃ ০৩ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ।  
১৯ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ।

### বিষয়ঃ আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি।

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ বিলিং সুপারভাইজার এর শূন্য পদ পূরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী বিলিং সহকারীগর নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	বিলিং সুপারভাইজার ০১ (এক) টি	ক) প্রার্থীকে বিলিং সহকারী পদে নিয়মিতভাবে ন্যূনতম ০৭ (সাত) বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। খ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং পৃথকভাবে ৩.৫০ থাকতে হবে। গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত সকল প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে। ঘ) প্রার্থীকে বিলিং কম্পিউটার, সার্ভার এবং অন্যান্য অফিস যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণে পারদর্শী হতে হবে। ঙ) প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) টি ইংরেজী এবং ১০ (দশ) টি বাংলা শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। চ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য সকল শর্ত পূরণ হতে হবে।

#### আবেদনকারীর পদ্ধতিঃ

আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ (ড) একই পদে অন্য কোন পবিস-এ পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে পবিসের নাম ও তারিখ উল্লেখ পূর্বক আবেদন পত্রসহ আগামী ১৪/০৮/২০২২ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১০:০০ ঘটিকায় পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, কাশিনাথপুর, পাবনা এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

#### শর্তাবলীঃ

##### ০১। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

- সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জিন ছবি।
- বিগত ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।
- বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি।
- পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি।
- জাতীয় পরিচয় পত্র/ইউনিয়ন পরিষদ/পৌরসভা/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
- আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
- বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- সকল কাগজপত্র এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০২। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য “চলতি দায়িত্বে” নিয়োগ দেয়া হবে। “চলতি দায়িত্বে” থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা যেতে পারে। অন্যথায় চলতি দায়িত্বে মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত প্রদান করা হবে।

- ০৩৥ সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি প্রাপ্য হবেন।
- ০৪৥ তথ্য গোপন করে যদি কেও নিয়োগপ্রাপ্ত হন তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৫৥ বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যখ্যান করতে পারবেন না।
- ০৬৥ পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নহে, তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৭৥ অত্র সমিতি বোর্ডের বোর্ড পরিচালক/মহিলা পরিচালক কিংবা সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর বা উভয়ের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।
- ০৮৥ প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৯৥ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১০৥ শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(মোঃ মজিবুল হক)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)**

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ০৪। ডিজিএম, আতাইকুলা/কারিগরী/বেড়া/সুজানগর জোনাল অফিস, পাবনা পবিস-২।
- ০৫। এজিএম (ওএন্ডএম), সাঁথিয়া /বাঁধেরহাট/শ্রীপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-২।
- ০৬। এজিএম (এমএস/ওএন্ডএম/প্রশাসন/অর্থ/ইএন্ডসি/আইটি/এইচআর), পাবনা পবিস-২।
- ০৭। নোটিশবোর্ড/ওয়েব সাইট, পাবনা পবিস-২।
- ০৮। অফিস কপি/মাস্টার কপি।



(মোঃ মজিবুল হক)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।